

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِیْمِ

Phone –(202) 244-0183  
Fax : (202) 244-2771/7830  
E-mail : [bdootwash@bdembassyusa.org](mailto:bdootwash@bdembassyusa.org)  
Website : [www.bdembassyusa.org](http://www.bdembassyusa.org)



EMBASSY OF THE  
PEOPLE'S REPUBLIC OF BANGLADESH  
3510 International Drive, NW  
Washington, D.C 20008

প্রেস বিজ্ঞপ্তি

মার্চ ৫, ২০১১

**“২০২১ সনের মধ্যে বাংলাদেশ মধ্যম আয়ের দেশে পরিণত হওয়ার লক্ষ্য রাখে”-যুক্তরাষ্ট্রে নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূত**

“ ২০২১ সনের মধ্যে বাংলাদেশ মধ্যম আয়ের দেশে উন্নীত হওয়ার লক্ষ্য রাখে” যুক্তরাষ্ট্রে নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূত এবং প্রতিমন্ত্রী জনাব আকরামুল কাদের ৪ মার্চ ২০১১ বঙ্গবন্ধু অডিটরিয়ামে বাংলাদেশ দূতাবাস এবং Thingstodo-এর যৌথ উদ্যোগে আয়োজিত একটি অনুষ্ঠানে একথা বলেন। ‘Thingstodo’ ওয়াশিংটনভিত্তিক তরুণ পেশাদারদের সামাজিক যোগাযোগের একটি প্রতিষ্ঠান। বৃহত্তর ওয়াশিংটনে তথ্য-প্রযুক্তি, আইন, যোগাযোগ এবং শিক্ষাসহ অন্যান্য অনেক ক্ষেত্রে কর্মরত ৫০ এর অধিক পেশাজীবী তরুণ এ অনুষ্ঠানে অংশগ্রহণ করেন। শত বছরের বাংলার ইতিহাস ও ঐতিহ্যের প্রতি দৃষ্টি আকর্ষণ করে রাষ্ট্রদূত তাঁর বক্তব্যে আরো উল্লেখ করেন যে, বাংলাদেশের রয়েছে স্বাধীনতা, গণতন্ত্র এবং অসাম্প্রদায়িকতার এক সুদীর্ঘ ইতিহাস। রাষ্ট্রদূতের বক্তব্যের অব্যবহিত পরে বাংলাদেশের প্রাকৃতিক সৌন্দর্য, ইতিহাস ও সংস্কৃতি এবং সাধারণ মানুষের জীবনযাত্রার উপর একটি প্রামাণ্য চিত্র পরিবেশন করা হয়।

বৃহত্তর ওয়াশিংটন এলাকায় বসবাসরত বাংলাদেশীদের মধ্যে খ্যাতনামা কয়েকজন শিল্পী বাংলাদেশের ঐতিহ্যবাহী সাম্প্রতিক বাংলা গান ও নৃত্য পরিবেশন করেন এবং ঐতিহ্যবাহী বাংলাদেশী বাদ্যযন্ত্র দোতারার সাথে উপস্থিত দর্শকদের পরিচয় করিয়ে দেন। মূল অনুষ্ঠানের পাশাপাশি উপস্থিত দর্শকদের জন্য বাংলাদেশের খ্যাতনামা চিত্রশিল্পীদের চিত্রকর্ম প্রদর্শন করা হয়।

পাবলিক ডিপ্লোমেসী ও গণযোগাযোগ কর্মসূচীর আওতায় বাংলাদেশের সমৃদ্ধ সংস্কৃতি ও ঐতিহ্যকে বিশ্ববাসীর নিকট তুলে ধরার প্রয়াস হিসেবে এ অনুষ্ঠান আয়োজন করা হয়। অনুষ্ঠানশেষে উপস্থিত অভ্যাগতদের বাংলাদেশের ঐতিহ্যবাহী খাবার পরিবেশন করা হয়।

---

স্বপন কুমার সাহা, মিনিস্টার (প্রেস), বাংলাদেশ দূতাবাস, ওয়াশিংটন ডিসি ফোন : ২০২-২৪৪-৫০৭১, ফ্যাক্স : ২০২-২৪৪-২৭৭১/৭৮৩০ ই-মেইল : [pressministerwash@yahoo.com](mailto:pressministerwash@yahoo.com)

Phone –(202) 244-0183  
Fax : (202) 244-2771/7830  
E-mail : [bdootwash@bdembassyusa.org](mailto:bdootwash@bdembassyusa.org)  
Website : [www.bdembassyusa.org](http://www.bdembassyusa.org)



EMBASSY OF THE  
PEOPLE'S REPUBLIC OF BANGLADESH  
3510 International Drive, NW  
Washington, D.C 20008

## Press Release

5 March, 2011

### **Bangladesh envisions to graduating a middle-income country by 2021—says Bangladesh Ambassador to USA**

“Bangladesh envisions to graduating a middle-income country by 2021”--H.E. Mr. Akramul Qader, Bangladesh Ambassador to USA and State Minister said this in an event on 04 March 2011 at *Bangabandhu Auditorium* jointly organized by the Embassy of Bangladesh and Thingstodo, a Washington DC based organization for socializing and networking of young professionals. More than fifty professionals from greater Washington area working in diverse fields such as Information Technology, Law, Transportation, and Education participated in the event. Tracing back to the hundreds of years of history of the Bengal, Ambassador Qader in his speech also emphasised that Bangladesh has a long tradition of upholding freedom, democracy and secularism. The speech was followed by an audio-visual presentation on Bangladesh's rich natural beauty, its history & culture and the impressive lifestyle of the people.

Renowned artists from Bangladesh diaspora in the greater Washington area put up a cultural show introducing the rich varieties of the traditional and contemporary Bangladeshi music, dance, and musical instruments like Dotara to the audience. In the sideline of the event, a painting exhibition displaying reprints of paintings of renowned Bangladeshi artists was showcased.

The event is a part of the Embassy's public diplomacy and outreach program to project Bangladesh's rich culture and tradition to wider audience in the USA. The participants were served with traditional Bangladeshi food and refreshments.

---

Swapan Kumar Saha, Minister (Press), Embassy of Bangladesh, Washington D.C. Phone: 202-244-5071, Fax: 202-244-2771\7830, e-mail [pressministerwash@yahoo.com](mailto:pressministerwash@yahoo.com)